# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods

(Request for Quotation Method)

**আরএফকিউ নং- ০৭/২০২৩-২০২৪**

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

**"বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল" সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র (RFQ)"**

---


**প্রশাসন বিভাগ**

**নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

**চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।**

ই-মেইলঃ-narayanganj□pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

ফোন নং- ০১৭৬৯-৪০০৬৪৯


ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩.৮৮৪

তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

**"বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল'' সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"**

প্রতি,

---------------------------------------
---------------------------------------
---------------------------------------

১. নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে **"বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল''** সরবরাহের নিমিত্ত বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/উৎপাদনকারী/পরিবেশক/সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

২. মালামাল সরবরাহ সম্পন্ন করতে ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে সমিতির সদর দপ্তরে অভীষ্ট কার্য ও বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs1.narayanganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।

৫. প্রযোজ্য ক্ষেত্রে নিয়মানুযায়ী নিরাপত্তা জামানত (নিদিষ্ট সময়ের পরে ফেরৎ যোগ্য) কর্তন করে রাখা যেতে পারে।

৬. সিলমোহরকৃত খাম আগামী **২০/০৮/২০২৩ খ্রিঃ** রোজ: রবিবার এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশন সংবলিত খামে **"বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল'' সরবরাহের** জন্য কোটেশন এবং আগামী **২০/০৮/২০২৩ খ্রিঃ এবং সময় বেলা ১১:০৫** এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ **২০/০৮/২০২৩ খ্রিঃ বেলা ১১:০৫ ঘটিকার সময়** উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs1.narayanganj.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর মালামালের গুণগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে প্রত্যয়ন সাপেক্ষে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র/সনদ ও ভ্যাট/বিন নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি, সমিতিতে কাজের অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের/কার্যাদেশ প্রদানের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭. নারায়ণগঞ্জ পবিস-১ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

০৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

০৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................... পবিস-১/২/৩/৪।

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ/বন্দর/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

০৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর/নবীগঞ্জ), নারায়ণগঞ্জ পবিস-১।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১১। মের্সাস.........................................................................।

১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩;৮৮৪ (০৭/২০২৩-২০২৪), তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রিঃ।

প্রতি,
সিনিয়র জেনারেল ম্যানেজার
নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট নির্মাণ কাজের শর্তাবলী অনুসারে "বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল'' সরবরাহের জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়-------------------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার/আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১০/০৮/২০২৩ খ্রিঃ আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ:

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩;৮৮৪ (০৭/২০২৩-২০২৪), তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | | এইচটি/এলটি আই নাট-বোল্ট ৫-২৫ কেভিএ ট্রান্সফরমারের জন্য। আইবোল্টের দৈর্ঘ্য ২.৫ইঞ্চি সূক্ষ প্যাঁচ এবং গ্যালভানাইজড করা পিতলের তৈরী, রডের ডায়া ১০ মি,মি,। (নমুনা অনুযায়ী) | টি | ৫০০ | | | | নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ |
| ২ | | এইচটি/এলটি আই নাট-বোল্ট ৩৭.৫-৫০ কেভিএ ট্রান্সফরমারের জন্য আইবোল্টের দৈর্ঘ্য ০৩ ইঞ্চি সূক্ষ প্যাঁচ এবং গ্যালভানাইজড করা পিতলের তৈরী, রডের ডায়া ১২ মি,মি । (নমুনা অনুযায়ী) | টি | ২০০ | | | | |
| ৩ | | বডি কভার গ্যাসকেট (নমুনা অনুযায়ী) **টিভি ও ইভি কোম্পানীর** | ফুট | ৩০০ | | | | |
| ৪ | | ক্যাবল লাক্স ৪.৬ আরএম। (নমুনা অনুযায়ী) | টি | ৩০০ | | | | |
| ৫ | | এমারী পেপার ০ নম্বর সাইজ (নমুনা অনুযায়ী) | টি | ১০০ | | | | |
| ৬ | | গ্যাস প্রেসার ভাল্ব। (নমুনা অনুযায়ী) | টি | ৫০ | | | | |
| ৭ | | ষ্টীল পাতি (৫/৮"), রোল। (নমুনা অনুযায়ী) | কেজি | ৪০ | | | | |
| ৮ | | Leatheroid Paper/ইনসুলেটিং পেপার (উভয় পাশে পলিযুক্ত) ০৭ নং ডায়া ২২ মি,মি | কেজি | ৫৫ | | | | |
| ৯ | | Leatheroid Paper/ইনসুলেটিং পেপার (উভয় পাশে পলিযুক্ত) ১০ নং ডায়া .২৫ মি,মি | কেজি | ৫৫ | | | | |
| ১০ | | রং (সাদা) বার্জার রবিয়ালাক সিনথেটিক এনামেল। | গ্যালন | ২০ | | | | |
| ১১ | | কটন টেপ (প্রস্থ ১", প্রতি ডজন ১.৮০০ কেজি এবিসি ব্রান্ড, । (নমুনা অনুযায়ী) ১.৫কেজি=১ ডজন | কেজি | ৫০ | | | | |
| ১২ | | স্কচটেপ (প্রস্থ ১", দৈর্ঘ্য ৫০ গজের রোল প্রতি পিচ স্কটিয়া, তাইওয়ান)। (নমুনা অনুযায়ী) | ডজন | ৫০ | | | | |
| ১৩ | | ইন্সুলেটিং ভার্নিশ, ইপিআই নিটো-২১০৪ আরএম, মারয়েশিয়া। (নমুনা অনুযায়ী) | গ্যালন | ১০ | | | | |
| ১৪ | | হোজ পাইপ ১'' ইঞ্চি (নমুনা অনুযায়ী) | ফুট | ৪০ | | | | |
| ১৫ | | পাটের বস্তা ৫০ কেজির | টি | ১০০ | | | | |
| ১৬ | | রেপিং মেশিন বড়গুলো ১'' টেপের, স্কর্চ টেপ ব্যাবহারের জন্য | টি | ৬ | | | | |
| ১৭ | | কপার ব্রিজিং রড, হারিজ | কেজি | ১ | | | | |
| ১৮ | | ওয়াশিং পাওডার (হুইল)। (নমুনা অনুযায়ী) | কেজি | ৫০ | | | | |
| ১৯ | | গ্রান্ডিং প্লেট | টি | ৫০ | | | | |
| ২০ | | ওয়েল্ডিং রড | প্যাকেট | ৪ | | | | |
| ২১ | | ডিপিসি পেপার | কেজি | ৫০ | | | | |
| ২২ | | কম্প্রেসার ওয়েল | লিটার | ২০ | | | | |
| | | **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য** | | | | অংকে | | |
| | | **(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | কথায় | | |

C:\Users\User\Desktop\আরএফকিউ\RFQ (২০২৩-২০২৪)-Goods .docx

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা : | নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ |
| মোট মূল্য: (টাকায়) (কথায়) | টাকায়: |
| | কথায়: |
| প্রস্তাবিত সরবরাহ : | [১০ (দশ) দিন] ক্রয় আদেশ জারির তারিখ হইতে] |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ হইতে ৩৬৫ দিন] |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের **[-----]** টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বৎসর পর্যন্ত বৈধ **[কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]**

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | |
| দরপত্রদাতার নাম : | তারিখ :------------------------- |

**টীকা :**

১। কলম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করিবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

## আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ

| ক্রঃ নং | আই টেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল (Make and Model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | এইচটি/এলটি আই নাট-বোল্ট ৫-২৫ কেভিএ ট্রান্সফরমারের জন্য: | আইবোল্টের দৈর্ঘ্য ২.৫ইঞ্চি সূক্ষ প্যাঁচ এবং গ্যালভানাইজড করা পিতলের তৈরী, রডের ডায়া ১০ মি,মি,। (নমুনা অনুযায়ী) | | |
| ২ | - | এইচটি/এলটি আই নাট-বোল্ট ৩৭.৫-৫০ কেভিএ ট্রান্সফরমারের জন্য : | আইবোল্টের দৈর্ঘ্য ০৩ ইঞ্চি সূক্ষ প্যাঁচ এবং গ্যালভানাইজড করা পিতলের তৈরী, রডের ডায়া ১২ মি,মি । (নমুনা অনুযায়ী) | | |
| ৩ | - | বডি কভার গ্যাসকেট: | **টিডি ও ইভি কোম্পানীর** | | |
| ৪ | - | ক্যাবল লাক্স ৪.৬ আরএম: | (নমুনা অনুযায়ী) | | |
| ৫ | - | এমারী পেপার ০ নম্বর সাইজ : | (নমুনা অনুযায়ী) | | |
| ৬ | - | গ্যাস প্রেসার ভাল্ব: | (নমুনা অনুযায়ী) | | |
| ৭ | - | ষ্টীল পাতি (৫/৮"), রোল: | (নমুনা অনুযায়ী) | | |
| ৮ | - | Leatheroid Paper/ইনসুলেটিং পেপার (উভয় পাশে পলিযুক্ত): | ০৭ নং ডায়া ২২ মি,মি | | |
| ৯ | - | Leatheroid Paper/ইনসুলেটিং পেপার (উভয় পাশে পলিযুক্ত): | ১০ নং ডায়া .২৫ মি,মি | | |
| ১০ | - | রং (সাদা): | বার্জার রবিয়ালাক সিনথেটিক এনামেল। | | |
| ১১ | - | কটন টেপ (প্রস্থ ১", প্রতি ডজন ১.৮০০ কেজি এবিসি ব্রান্ড: | (নমুনা অনুযায়ী) ১.৫কেজি=১ ডজন | | |
| ১২ | - | স্কচটেপ (প্রস্থ ১", দৈর্ঘ্য ৫০ গজের রোল প্রতি পিচ স্কটিয়া, তাইওয়ান): | (নমুনা অনুযায়ী) | | |
| ১৩ | - | ইন্সুলেটিং ভার্নিশ, ইপিআই নিটো-২১০৪ আরএম, মারয়েশিয়া: | (নমুনা অনুযায়ী) | | |
| ১৪ | - | হোজ পাইপ ১ ইঞ্চি: | (নমুনা অনুযায়ী) | | |
| ১৫ | - | পাটের বস্তা: | ৫০ কেজির | | |
| ১৬ | - | রেপিং মেশিন বড়: | গুলো ১'' টেপের, স্কর্চ টেপ ব্যবহারের জন্য | | |
| ১৭ | - | কপার ব্রিজিং রড: | হারিজ | | |
| ১৮ | - | ওয়াশিং পাওডার (হুইল): | (নমুনা অনুযায়ী) | | |
| ১৯ | - | গ্রান্ডিং প্লেট : | (নমুনা অনুযায়ী) | | |
| ২০ | - | ওয়েল্ডিং রড: | (নমুনা অনুযায়ী) | | |
| ২১ | - | ডিপিসি পেপার: | (নমুনা অনুযায়ী) | | |
| ২২ | - | কম্প্রেসার ওয়েল: | (নমুনা অনুযায়ী) | | |

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | তারিখ : ---------- |
| **দরপত্রদাতার নাম** | |

C:\Users\User\Desktop\আরএফকিউ\RFQ (২০২৩-২০২৪)-Goods .docx

টীকা :

১। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

[ক্রেতার নাম ও ঠিকানা এইখানে যুক্ত করুন]

**পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ**

[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩;৮৮৪ (০৭/২০২৩-২০২৪), তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রিঃ।

| | |
|---|---|
| **কোটেশন নম্বর** : ________________ | **তারিখ** : -------------- |
| **প্রতি** :<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ : [**সম্পাদনের তারিখ উল্লেখ করুন**] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য : **টাকা** [**চুক্তি মূল্য উল্লেখ করুন**] |
| **সরবরাহ** : **শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার [**তারিখ উল্লেখ করুন**] তারিখের কোটেশন গ্রহণ করিয়াছেন। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হইল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংশ্লিষ্ট পণ্য ও সেবার অনুমোদিত মূল্যসংবলিত বিবরণের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিক পণ্যের অনুমোদিত কারিগরি বিনির্দেশের (পূর্ণাঙ্গ বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য :<br><br>নাম ও পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ : |

সংযুক্তিসমূহ : উপরিউক্ত বর্ণনা মোতাবেক

**<u>পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি</u>**

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। ক্রয় আদেশ জারি হইবার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যেকোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখিতে হইবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

৯। অন্য কোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি-মূল্য **অংকে**--------------------------**কথায়**-------------------------------------- টাকা।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০১ (এক) বছর।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকিবে।

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হইতে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি হইতে দায়মুক্ত রাখিবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করিবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে উহা সংশোধন করিবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যেকোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য:<br><br>নাম এবং পদবিসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ : | তারিখ: |